

Sl. No. of Q.P. : 3604

Unique paper code: 12081102

Name of paper: Language Variety

Name of the course: B. A (Hons) *Bengali*

FL

Semester: I

Duration: 3 Hours

Maximum Marks: 75

1) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার অন্তর্গত উপভাষাগুলির ভৌগোলিক অঞ্চলসহ বৈশিষ্ট্যগুলি লিখ। 20

অথবা

রাঢ়ী উপভাষায় কোন কোন অঞ্চলে কথা বলা হয়। এই ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখ।

2) বৃত্তিগত ও বয়সভেদে ভাষার পার্থক্য আলোচনা কর। 20

অথবা

বিভিন্ন সামাজিক অবস্থান অনুসারে ভাষার পার্থক্য আলোচনা কর।

3) নিম্নোক্ত অনুচ্ছেদে কোন সামাজিক অবস্থানে থাকা মানুষের ভাষা ব্যবহার করা হয়েছে। অনুচ্ছেদের অন্তর্গত বিভিন্ন শব্দাবলী নির্দেশ করে ভাষাগত বৈশিষ্ট্যের পরিচয় দাও। 20

দিন পনের হল নতুন গিল্লি বাপের বাড়ি গিয়েছিল নাইওর করতে, আজকে তাকে আনবার তারিখ। হাজি নিজে যেতে পারেননি, প্রথম তরফের তৃতীয় ছেলে খালেদকে পাঠিয়েছিলেন সকালবেলায়। আসলে বৌকে বাপের বাড়িতে বেশিদিন থাকতে দিতে তিনি সব সময়েই নারাজ। প্রথম স্ত্রীকে দশদিন থাকতে দিয়েছিলেন, তাও একেবারে নতুন অবস্থায়। দ্বিতীয় স্ত্রীর বেলায় দিনের সংখ্যা আরো কিছুটা বেড়েছিল। তবে এখন পড়তি ব্যেস, সব ব্যাপারে কড়াকড়ি চলে না। দু বছর আগে দ্বিতীয় স্ত্রী মারা যাওয়ার পর সংসার থেকে তার মন একেবারে উঠেই গিয়েছিল। কিন্তু খোদার কুদরত, কার সাধ্য তার কিনারা করে? তিনি কপালে যা লিখে রেখেছেন, তা একদিন ফলবেই। গতবার যখন হজে যাচ্ছিলেন তার মাস খানেক আগে সবাই ধরে বসলো, এমন সোনার সংসার, একজন গৃহিণী না থাকলে কোন কিছুই ঠিক থাকবে না।

অথবা

এ অভিশাপ যে নিতান্তই ক্রোধ, ক্ষোভ, হতাশা অপমান, লোকলজ্জা আর অপমানবোধ থেকে উদ্ভূত তা বুঝতে পারে বৈকি সত্যবর্তী, তাই নিজে সে এত বড় অভিশাপেও বিচলিত হয় না। বরং প্রায় হেসে ফেলেই বলে, 'তাই তো দিয়ে আসছো তোমরা আবহমান কাল থেকে। স্বামী হয়ে, বাপ হয়ে, ভাই হয়ে, ছেলে হয়ে। ওটা নতুন নয়। অভিশাপেরই জীবন আমরা। তবে ওই যে দলিলের কথা বললে, জেনো ওই ছেঁড়া কাগজটার কথা আমার মনেও ছিল না। মনেই যখন করিয়ে দিলে তো বলি, বাবার দেওয়া বস্তু ফেলে দেওয়া বাবার অপমান। সাধন সরল যদি মানুষ হয়, ওরা যেন

P.T.O

বিষয়টুকু থেকে ওই গ্রিবেনীতে মেয়েদের একটা ইস্কুল খুলে দেয়। আর – আর নাম দেয় যেন ভূবনেশ্বরী বিদ্যালয়। 'একটু
থামো' বলে সত্যি আঁচলটা গলায় জড়িয়ে স্বামীকে একটা প্রণাম করে বলে, 'জীবনভোর অনেক অকথা- কুকথা বলেছি
তোমাকে, অনেক জ্বালাভন করেছি। পার তো মাপ করো।

4) টীকা লেখ: (যেকোনো তিনটি)

15

বরেন্দ্রী উপভাষা, কামরূপী উপভাষা, ঝাড়খণ্ডী উপভাষা, বঙ্গালী উপভাষা,